


ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়ন
০১	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ নভেম্বর/১৯ খ্রি. মাসের পরিবার পরিকল্পনা বিভাগের সকল কার্যক্রমের অগ্রগতি সভায় উপস্থাপন করেন এবং তার উপর বিষয় আলোচনা হয়।	জাতীয় পর্যায়ে নির্ধারিত লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের স্বার্থে প্রয়োজনীয় কর্ম পরিকল্পনা গ্রহণ করে সে আলোকে কাজ করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), ক্লিনিক, সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও মাঠকর্মচারী সকল। (ক্লিনিক, নন-ক্লিনিক)
০২	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী মুজিববর্ষ উদ্‌যাপন উপলক্ষ্যে পরিবার পরিকল্পনা সুনামগঞ্জ সদর কর্তৃক স্কুল/কলেজ/মাদ্রাসা ও গুচ্ছগ্রামে বছর ব্যাপী স্বাস্থ্য শিক্ষা সেশনের কর্মপরিকল্পনা গ্রহণ করা হয় এর উপর ব্যাপক আলোচনা হয়।	স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্ম শতবার্ষিকী মুজিববর্ষ উদ্‌যাপন বর্ণিল আয়োজন এবং সুন্দর ও উৎসবমুখর পরিবেশে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগের সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ।
০৩	বিগত ০৭-১২ ডিসেম্বর/২০১৯ পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ পরিবার পরিকল্পনা অধিদপ্তরের নির্দেশনা মোতাবেক সুন্দর ও উৎসবমুখর পরিবেশে পালন করা হয়। এ ব্যাপারে সদস্য সচিব সেবা ও প্রচার সপ্তাহ সফল হওয়ায় সবাইকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করেন।	আগামী পরিবার পরিকল্পনা সেবা ও প্রচার সপ্তাহ আরও সুন্দর ও উৎসবমুখর পরিবেশে পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), ক্লিনিক, সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও মাঠ পর্যায়ে সকল কর্মচারীবৃন্দ।
০৪	সরকার প্রদত্ত সুনামগঞ্জ সদর উপজেলার গৌরারং ইউনিয়নের পুরাণ লক্ষ্মণশ্রী ও পুরানগাঁও গুচ্ছগ্রাম এবং জাহাঙ্গীরনগর ইউনিয়নের নারায়নতলা গুচ্ছগ্রামে পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতি এবং মা, শিশুস্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত সেবা অগ্রাধিকার ভিত্তিতে সেবা প্রদানের কার্যক্রম চলমান আছে।	সংশ্লিষ্ট ইউনিয়নের গুচ্ছগ্রামগুলোতে কর্মরত পরিবার কল্যাণ সহকারীগণকে পরিবার পরিকল্পনার বিভিন্ন পদ্ধতির এবং মা, শিশুস্বাস্থ্য ও পুষ্টি সংক্রান্ত সেবা প্রদান কার্যক্রম দ্রুত এগিয়ে নেওয়ার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে।	উপজেলা পঃ পঃ কর্মকর্তা, MO-MCH(FP), ক্লিনিক, সহকারী উপজেলা পঃ পঃ কর্মকর্তা ও সংশ্লিষ্ট ইউনিয়নের FWA, FPI, SACMO ও সংশ্লিষ্ট ইউনিয়নের FWV.

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(মোঃ খায়রুল হুদা)

চেয়ারম্যান, উপজেলা পরিষদ  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।

ও

সভাপতি  
উপজেলা পরিবার পরিকল্পনা কমিটি  
সুনামগঞ্জ সদর, সুনামগঞ্জ।